সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপে বাংলাদেশ-ভারত ফাইনাল মহারণ আজ

শুধু সিনিয়রদের মধ্যেই নয়, বয়সভিত্তিক ফুটবলেও বাংলাদেশ-ভারত সব সময় বাড়তি আকর্ষণ থাকে। আজ আবার সেই আকর্ষণ দেখা যাবে। সাফ অনূর্ধ্ব-১৭ ফুটবল ফাইনাল বাংলাদেশ-ভারত মুখোমুখি হতে যাচ্ছে। ভুটানের থিম্পুতে সন্ধ্যা ৬টায় ফাইনাল শুরু হবে। এই টুর্নামেন্টের গ্রুপ পর্বে ভারতের বিপক্ষে বাংলাদেশ হেরেছে ১-০ গোলে। দুর্ভাগ্যজনকভাবে খেলার শেষ বাঁশির আগে ভুলে গোল হজম করে হেরে যায় বাংলাদেশ। দুই দেশই আজ ফাইনাল খেলছে।

বয়সভিত্তিক ফুটবলে ট্রফি জয়ের পুরো দখলদারিত্ব ভারতের। এ পর্যন্ত পাঁচবার চ্যাম্পিয়ন হয়েছে। বাংলাদেশ দুইবার। সাফের দেশগুলোর মধ্যে শ্রীলঙ্কা, মালদ্বীপ, নেপাল, ভুটান এখনো ট্রফির দেখা পায়নি। সাত দেশের মধ্যে পাকিস্তানও একবার চ্যাম্পিয়ন হয়ে গেছে, ২০১১ সালে। সেই পাকিস্তান এবার ভুটানে গিয়ে বাংলাদেশের বিপক্ষে টাইব্রেকিংয়ে হেরে যায়। শনিবার রাতে বাংলাদেশ-পাকিস্তান দুর্দান্ত লড়াই হয়েছিল। ২-০ গোলে পিছিয়ে থাকা বাংলাদেশ ২ গোল শোধ করে টাইব্রেকিংয়ের পর সাডেন ডেথে জিতে আজকে ফাইনাল খেলছে।

পাকিস্তানের বিপক্ষে বাংলাদেশের জয়টা তাদের টেন্টে রোমাঞ্চ এনে দিয়েছে। বাড়তি উত্তেজনা এনে দিয়েছে। ভারতের বিপক্ষে কঠিন লড়াইয়ের প্রেরণা দিচ্ছে। পরিসংখ্যান বলছে, দুই দলের লড়াইয়ে ভারতের পাল্লা ভারী। ২০১৫ সালে প্রথম বার সাফ আয়োজন করে বয়সভিত্তিক ফুটবল। সিলেটে অনুষ্ঠিত খেলায় গ্রুপ পর্বে বাংলাদেশ হারিয়েছিল ভারতকে। ফাইনালে গিয়ে টানটান উত্তেজনার ম্যাচে টাইব্রেকিংয়ে জিতে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ। ২০১৭ সালে নেপালে অনূর্ধ্ব-১৫ ফুটবলে ট্রফি পায়নি বাংলাদেশ। সেমিফাইনালে প্রতিশোধ নেয় ভারত। ৪-২ গোলে হারায় বাংলাদেশকে।

পরের বছর আবার নেপালে একই টুর্নামেন্টে সেমিফাইনালে ভারতকে টাইব্রেকিংয়ে হারিয়ে ফাইনালে পাকিস্তানকেও টাইব্রেকিংয়ে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ। ২০১৯ সালে ভারতে হওয়া অনূর্ধ্ব-১৫ সাফে প্রতিশোধ নেয় ভারত। সেমিফাইনালে ভারত ৪-০ গোলে হারায়

বাংলাদেশকে। ২০২২ সালে অনূর্ধ্ব-১৭ সাফে সেমিফাইনালে ভারত ২-১ গোলে হারায় বাংলাদেশকে। গত বছর ভুটানের এই মাঠেই অনূর্ধ্ব-১৬ সাফের গ্রুপ পর্বে ভারত ১-০ গোলে হারিয়েছিল বাংলাদেশকে। ফাইনালেও মুখোমুখি হয় বাংলাদেশ-ভারত। ফাইনালে ২-০ গোলে বাংলাদেশকে হারিয়ে বয়সভিত্তিক ফুটবল পঞ্চম বার ট্রফি জয় করে ভারত।

আজকে বাংলাদেশের সামনে অনেক হিসাব-নিকাষ কাজ করছে। ‘আমরা জানি, এখন আমাদেরকে কী করতে হবে। আমরা ফাইনালের জন্য প্রস্তুত। কারণ জানি ভারত অনেক শক্তিশালী দল। আমরা সেভাবে প্রস্তুতি নিয়ে এসেছি-বললেন অনূর্ধ্ব-১৭ ফুটবল দলের কোচ সাইফুল বারী টিটু। তিনি বলেন, ‘এক বার ভারতের বিপক্ষে খেলে হেরেছি, (১-০)। এটা আমাদের জন্য বড় অভিজ্ঞতা। সেবার হারলেও আগের চেয়েও এখন ভালো পারফরম্যান্স করা উচিত। তবে সবচেয়ে বড় কথা হচ্ছে এখন আমাদের ছেলেরা আত্মবিশ্বাস পাচ্ছে। পাকিস্তানের বিপক্ষে জয়টা আত্মবিশ্বাস এনে দিয়েছে।’ কোচের দুশ্চিন্তা হচ্ছে, ফিনিশারদের ব্যর্থতা। অন্যান্য খেলায় অনেক সুযোগ নষ্ট করেছে। কোচ টিটু বলেন, ‘আজকে ফাইনালে সুযোগ আসবে হাতে গোনা, সেগুলো কাজে লাগাতে পারলে ফল আসতে পারে।’

সূত্র: ইত্তেফাক